## ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের বোর্ড বৃত্তির আবেদন সংক্রান্ত অতি জরুরী বিজ্ঞপ্তি

এতদদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২০-০৯-২০২৫ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বোর্ড বৃত্তির অনলাইন আবেদনের ওয়েবসাইটে (**https://studentscholarship.du.ac.bd/**) কিছু সময়ের জন্য যান্ত্রিক ত্রুটি থাকায় শিক্ষার্থীদের বৃত্তির আবেদন বিঘ্নিত হয়। তাই শিক্ষার্থীদের সুবিধার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের নাম বোর্ড বৃত্তির (এইচ এস সি/আলিম-২০২৪) তালিকায় আছে তাদের বৃত্তির অনলাইন আবেদনের সময়সীমা আগামী ২৩-০৯-২০২৫ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত বর্ধিত করা হলো। **উল্লেখ্য, উক্ত তারিখের মধ্যে বৃত্তির তথ্য নির্ভুলভাবে পূরণ না হলে শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না। সেক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন দায়ভার গ্রহন করবে না। সুতরাং বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে বৃত্তির প্রয়োজনীয় তথ্যসমূহ সতর্কতার সাথে অনলাইনে পূরণ করার জন্য নির্দেশনা দেয়া হলো।** বোর্ড বৃত্তির আবেদনের নিয়মাবলীর জন্য গত ০২-০৯-২০২৫ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসরন করার জন্য বলা হচ্ছে।

**অনলাইনে বৃত্তির আবেদন সংক্রান্ত সমস্যা হলে যোগাযোগের জন্য- 01581-846500/ রেজিস্ট্রারের অফিস (বৃত্তি শাখা), রুম নং ২০৭(খ)**

স্বাক্ষরিত/-
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/২২২৫৭- সি

তারিখ: ০৮/৬/১৪৩২
২১/৯/২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:**

১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
**(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়